দৈনিক ইনকিলাব

59

তারিখ ... ... ... DEC. 16 1999
পৃষ্ঠা ৫ কলাম ২

# ছাত্রদলের ঢাঃ বিঃ সাধারণ সম্পাদক গ্রেফতার ও প্রহার ছাত্রদের বিক্ষুব্ধ প্রতিবাদ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক মোস্তাফিজুল ইসলাম মামুনকে গোয়েন্দা পুলিশ গতকাল (বুধবার) বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে গ্রেফতার করে। গ্রেফতারের পর মামুনকে বেদম প্রহার করা হয়। এ ঘটনার প্রতিবাদে বিক্ষুব্ধ ছাত্ররা নয়াপল্টন এলাকায় বেশ কয়েকটি গাড়ী ভাঙচুর ও সন্ধ্যায় শাহবাগে একটি দোতলা বাসে অগ্নিসংযোগ কর।

জাতীয়তাবাদী ছাত্রদল আগামী শনিবার ঢাকা শহরে অর্ধদিবস হরতাল সফল করার লক্ষ্যে গতকাল ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছিল। সমাবেশ শেষে পৌনে একটার দিকে ছাত্রদল নেতা-কর্মীরা কেন্দ্রীয় লাইব্রেরীর সামনে এসে জমায়েত হয়। এ সময় গোয়েন্দা পুলিশের ৭/৮ জনের একটি দল আকস্মিক লাইব্রেরীর সামনে এসে মামুন ও ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার সাংগঠনিক সম্পাদক আসাদুজ্জামান আসাদকে আটক করে। পুলিশের সাথে এ সময় চাত্রদল নেতা-কর্মীদের প্রচণ্ড ধস্তাধস্তি শুরু হয়। ছাত্রদল নেতা-কর্মীদের তীব্র প্রতিরোধের কারণে আসাদকে ছেড়ে দিতে বাধ্য হলেও গোয়েন্দা পুলিশ মামুনকে গ্রেফতার করে মাইক্রোবাসে তুলে নিয়ে যায়। গ্রেফতারের সময় ৫/৬ জন গোয়েন্দা পুলিশ মামুনকে উপর্যুপরি কিল, ঘুষি ও লাথি মেরে আহত করে। এ ঘটনার সময় রমনা থানার ওসি রফিকের নেতৃত্বে ৩/৪ গাড়ী পুলিশ লাইব্রেরী চত্বরের আশপাশ ঘেরাও করে রাখে। গ্রেফতার করে মামুনকে রমনা থানায় নিয়ে যাওয়া হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে। আগামী শনিবার ঢাকা শহরে অর্ধদিবস হরতালকে সামনে রেখে আন্দোলনকে স্তিমিত করার উদ্দেশে মামুনকে গ্রেফতার করা হয়। কয়েক মাস পূর্বে মামুনকে শাহবাগস্থ হোটেল সিলভানা থেকে গ্রেফতার করা হয়েছিল। এদিকে মামুনকে গ্রেফতারের প্রতিবাদে বিক্ষুব্ধ ছাত্ররা গতকাল দুপুরে নয়াপল্টন এলাকায় ৭/৮টি গাড়ী ভাঙচুর করে। এছাড়া সন্ধ্যায় শাহবাগে একটি বিআরটিসি দোতলা বাসে অগ্নিসংযোগ করা হয়।

ছাত্রদল সভাপতি হাবিব-উন-নবী সোহেল ও সাধারণ সম্পাদক নাসির উদ্দিন আহমেদ পিন্টু গতকাল ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক মোস্তাফিজুল ইসলাম মামুনকে গ্রেফতারের প্রতিবাদ জানিয়ে এক বিবৃতি প্রদান করেন। বিবৃতিতে নেতৃদ্বয় অবিলম্বে মামুনের নিঃশর্ত মুক্তি দাবী করে বলেছেন, বিনা কারণে মামুনকে গ্রেফতার করে সরকার ক্যাম্পাসকে উত্তপ্ত করে সংঘাতের দিকে ঠেলে দিচ্ছে। পৃথক পৃথক বিবৃতিতে ছাত্রদলের বিভিন্ন শাখার নেতৃবৃন্দ মামুনের গ্রেফতারের প্রতিবাদ জানিয়ে তার নিঃশর্ত মুক্তি দাবী করেছেন।